

৩০ সেপ্টেম্বর থেকে ৯ অক্টোবর পর্যন্ত রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) ছুটি ঘোষণা করা হয়েছে। দুর্গাপূজা, ঈদ-ই-মিলাদুন্নবী ও শুক্র-শনিবার মিলিয়ে ১০ দিন ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে।

মঙ্গলবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়েছে, দুর্গাপূজা উপলক্ষে ২-৬ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও পরীক্ষা এবং ৪-৬ অক্টোবর পর্যন্ত অফিস বন্ধ থাকবে।

advertisement 3

এছাড়া পবিত্র আখেরি চাহার সোম্বার জন্য ২১ সেপ্টেম্বর ও পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবীর জন্য ৯ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে। এর মধ্যে ৩০ সেপ্টেম্বর ও ১ অক্টোবর শুক্র-শনিবার হওয়ায় সব মিলিয়ে ১০ দিন বন্ধ পাচ্ছে শিক্ষার্থীরা।

advertisement 4

তবে বিশ্ববিদ্যালয়ের অতি জরুরি বিভাগ পানি, বিদ্যুৎ, চিকিৎসা ও প্রহরা ব্যবস্থা যথারীতি চালু থাকবে।